মঞ্জুরী নং- ৪০

৪৬ - ভূমি মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	457,56,76	525,33,97	601,56,11
উন্নয়ন	99,05,00	113,66,03	123,43,89
মোট	556,61,76	639,00,00	725,00,00

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

ভূমির উন্নত ও দক্ষ ব্যবস্থাপনা এবং সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে জনগণকে ভূমি বিষয়ক সকল সেবা প্রদান পূর্বক তাদের অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্য বিমোচন।

১.২ প্রধান কার্যাবলি

(ক) সরকারের পক্ষে ভূমির অধিকার ও স্বত্ব সংরক্ষণ;

(খ) ভূমি রাজস্ব নির্ধারণ ও আদায়;

(গ) খাস জমি, অর্পিত ও পরিত্যক্ত সম্পত্তির ব্যবস্থাপনা;

(ঘ) ভূমি জরিপ এবং ভূমির নক্সা ও রেকর্ড প্রণয়ন, সংরক্ষণ এবং প্রকাশ;

(ঙ) অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক সীমানা চিহ্নিতকরণ ও সীমানা পিলার মেরামত ও সংরক্ষণ;

(চ) সায়রাত মহালের (জলমহাল, বালুমহাল, পাথরমহাল, চিংড়ীমহাল ইত্যাদি) ব্যবস্থাপনা;

(ছ) ভূমি অধিগ্রহণ ও হুকুমদখল সংক্রান্ত কার্যক্রম;

(জ) ভূমি সংস্কার ও ভূমি ব্যবহার নীতিমালা বাস্তবায়ন।

২. কৌশলগত উদ্দেশ্য ও প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রমসমূহ	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়ন	• সি.এস. ও এস.এ. এবং আর.এস. খতিয়ান ও ম্যাপ স্ক্যানপূর্বক কম্পিউটারে সংরক্ষণ • ব্যবহারভিত্তিক জমির শ্রেণীবিন্যাসকরণ ও হালনাগাদকরণ	• জেলা, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস • ভূমি সংস্কার বোর্ড
২. বিত্তহীন ও গৃহহীন অতি দরিদ্রদের পুনর্বাসন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন	• গৃহনির্মাণ ও হস্তান্তর • বেসরকারি বিনিয়োগকারী কর্তৃক ফ্ল্যাট নির্মাণ এবং বিক্রয় ও হস্তান্তর • আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্তকরণের জন্য প্রশিক্ষণ ও ঋণ প্রদান	• সচিবালয়
৩. খাস জমি বন্দোবস্ত দ্বারা অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন	• বন্দোবস্তযোগ্য খাস জমি চিহ্নিতকরণ, ব্যক্তি/প্রতিষ্ঠান চিহ্নিতকরণ ও খাসজমি বন্দোবস্ত প্রদান	• জেলা, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রমসমূহ	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
৪. ভূমি প্রশাসনের কর্মকর্তা-কর্মচারিদের দক্ষতা উন্নয়ন	• বিসিএস ক্যাডারভূক্ত ও জুডিশিয়াল সার্ভিসভূক্ত কর্মকর্তাদের সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ প্রদান • নন ক্যাডার কর্মকর্তা-কর্মচারীদের সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ প্রদান	• ভূমি রেকর্ড ও জরিপঅধিদপ্তর
	• কর্মকর্তা-কর্মচারিদের ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ	• ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
৫. ভূমি রেকর্ড সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন ও রাজস্ব বৃদ্ধি	• ভূমি অফিস নির্মাণ	• জেলা, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস
	• ভূমিউন্নয়ন করসহ অন্যান্য রাজস্ব দাবী ও আদায়	• ভূমি সংস্কার বোর্ড
	• হিসাব সংক্রান্ত অডিট কার্যক্রম	• হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর
৬. ভূমি জরিপ ও ভূমি সংক্রান্ত মামলা নিস্পত্তির মাধ্যমে ভূমির মালিকানা স্বত্ব নিশ্চিতকরণ	• ভূমি জরিপের জন্য এলাকা নির্বাচন ও জরিপ কাজ পরিচালনা • ভূমির স্বত্বলিপি প্রণয়ন ও প্রকাশ • ভূমির নক্সা প্রস্তুত ও প্রকাশ	• ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর
	• ভূমি সংক্রান্ত মামলা নিস্পত্তিকরণ	• ভূমি আপীল বোর্ড
৭. ভূমির সুষ্ঠু ও পরিকল্পিত ব্যবহার নিশ্চিতকরণ	• ভূমির শ্রেণীভিত্তিক ম্যাপ প্রণয়ন(জোনিংম্যাপ) • জোনিং ম্যাপ অনুযায়ী ভূমির ব্যবহার সংক্রান্ত আইন প্রণয়ন	• সচিবালয়
৮. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সীমানা সংক্রান্ত জটিলতা নিরসন	• সীমানা সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ ও সরেজমিনে যৌথ পরিদর্শন • সীমানা পিলার নির্মাণ/পুনর্নির্মাণ	• ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ ভূমি রেকর্ড কম্পিউটারাইজেশনের ফলে ভূমি রেকর্ডে জাল-জালিয়াতি রোধ হবে ও রেকর্ড ভূমি মালিকদের নিকট সহজলভ্য হবে, এতে ভূমি সংক্রান্ত বিরোধ কমে যাবে। ফলে ভূমি সংক্রান্ত মামলা মোকাদ্দমাসহ মারামারি/খুন/জখম হ্রাস পাবে এবং ভূমিতে দরিদ্র জনগোষ্ঠীর মালিকানা নিশ্চিত হবে বিধায় তাদের দারিদ্র্য হ্রাস পাবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ ভূমি রেকর্ড আধুনিকায়ন করা হলে ভূমি রেকর্ডে মহিলাদের নাম বাদ পড়ার সম্ভাবনা হ্রাস পাবে ফলে ভূমির উপর নারীর অধিকার প্রতিষ্ঠিত হবে ও নারীদের উপর নির্যাতন ও সহিংসতা কমবে এবং নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধি পাবে।

৩.১.২ বিত্তহীন ও গৃহহীন অতি দরিদ্রদের পুনর্বাসন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ ছিন্নমূল, ভূমিহীন, নদী ভাঙ্গনের ফলে বিত্তহীন ও গৃহহীন অতি দরিদ্র পরিবারকে এবং ঢাকা শহরের ছিন্নমূল, ভূমিহীন বস্তিবাসী অতিদরিদ্র পরিবারকে গৃহ, ফ্ল্যাট, সেনিটারি লেট্রিন, টিউবয়েল ইত্যাদি প্রদানের মাধ্যমে তাদের সামাজিক নিরাপত্তা নিশ্চিত হবে। এছাড়াও এসকল পরিবারের সদস্যদেরকে প্রশিক্ষণ ও ঋন প্রদানের মাধ্যমে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্ত করার মাধ্যমে দারিদ্র্য বিমোচন হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ বন্দোবস্তকৃত গৃহ ও জমির দলিলে স্বামী ও স্ত্রী দুজনেরই নাম থাকে। ফলে নারীদের সামাজিক অধিকার এবং সামাজিক নিরাপত্তা নিশ্চিত হয়।

৩.১.৩ খাস জমি বন্দোবস্ত দ্বারা অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ ভূমিহীনদের মাঝে কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদানের ফলে কৃষিক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি পাবে ফলে দরিদ্রদের আয়বর্ধক কার্যক্রমের সুযোগ সৃষ্টি হবে। শিল্পায়ন, চা বাগান, রাবার বাগান ও কৃষি/মৎস্য খামার প্রতিষ্ঠার জন্য খাস জমি বন্দোবস্ত প্রদানের ফলে আয়বর্ধক কার্যক্রম ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ খাস জমি বন্দোবস্ত প্রদানের মাধ্যমে কৃষি কাজে, চা বাগান/রাবার বাগান, শিল্প কলকারখানা ও অন্যান্য কাজে নারীদের কর্মসংস্থানের সৃষ্টি হবে।

৩.১.৪ ভূমি প্রশাসনের কর্মকর্তা-কর্মচারিদের দক্ষতা উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষভাবে কোন প্রভাব পড়বে না।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ ভূমি প্রশাসনের নারী কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে, যা নারীর ক্ষমতায়নে সহায়ক হবে।

৩.১.৫ ভূমি রেকর্ড সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন ও রাজস্ব বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ সঠিকভাবে রেকর্ড সংরক্ষণের মাধ্যমে ভূমি রেকর্ডের জাল জলিয়াতি রোধ হবে এবং ভূমি সংক্রান্ত মামলা মোকাদ্দমা হ্রাস পাওয়ার ফলে জনসাধারণ আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবে না বিধায় দারিদ্র্য হ্রাসে তা সহায়ক হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রত্যক্ষ প্রভাব পড়বে না।

৩.১.৬ ভূমি জরিপ ও ভূমি সংক্রান্ত মামলা নিস্পত্তির মাধ্যমে ভূমির মালিকানা স্বত্ব নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ ভূমি জরিপের মাধ্যমে ভূমির মালিকানা স্বত্ব দরিদ্র জনগণসহ সকলের জন্য নিশ্চিত হলে দরিদ্র জনগণের আয় বৃদ্ধিমূলক কর্মকান্ড বৃদ্ধি পাবে, যা দারিদ্র্য নিরসনে সহায়তা করবে। এছাড়াও ভূমি জরিপ কাজে মৌসুমি কর্মচারি নিয়োগের ফলে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রত্যক্ষভাবে কোন প্রভাব পড়বে না।

৩.১.৭ ভূমির সুষ্ঠু ও পরিকল্পিত ব্যবহার নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষ প্রভাব নাই।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রত্যক্ষ প্রভাব নাই।

৩.১.৮ অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সীমানা সংক্রান্ত জটিলতা নিরসন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাবঃ প্রত্যক্ষভাবে কোন প্রভাব পড়বে না।

নারী উন্নয়নের উপর প্রভাবঃ প্রত্যক্ষভাবে কোন প্রভাব পড়বে না।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	২৩৬,৭২,০৬	২৪৬,৩৪,৭৩	২৭৫,৩৩,৯১
নারী উন্নয়ন	১০৬,৫৬,৭৫	১১০,৮৫,২৮	১২৩,৮৬,৯৬

৪. অগ্রাধিকার খাত/কর্মসূচি

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১। **ভূমি রেকর্ড কম্পিউটারাইজেশনঃ** সনাতন পদ্ধতিতে ভূমি রেকর্ড প্রণয়ন ও সংরক্ষণ করায় অস্বচ্ছতা এবং জটিলতা সৃষ্টি হচ্ছে তা দূরীকরণের লক্ষ্যে ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়ন করার জন্য ভূমি রেকর্ড কম্পিউটারাইজড করাকে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদান করা হয়েছে	• ভূমি ব্যবস্থাপনা আধুনিকায়ন
২। **খাস জমি বন্দোবস্ত প্রদানঃ** দারিদ্র্য বিমোচন কর্মসূচি বিধায় অগ্রাধিকার প্রদান করা হয়েছে	• খাস জমি বন্দোবস্ত দ্বারা অর্থনৈতিক উন্নয়ন ও দারিদ্র্য বিমোচন
৩। **রেকর্ড প্রণয়নঃ** ভূমি মালিকদের স্বত্বলিপি হালনাগাদকরণের গুরুত্ব বিবেচনায় অগ্রাধিকার দেওয়া হয়েছে	• ভূমি জরিপ ও ভূমি সংক্রান্ত মামলা নিস্পত্তির মাধ্যমে ভূমির মালিকানা স্বত্ব নিশ্চিতকরণ
৪। **প্রশিক্ষণঃ** ভূমি প্রশাসন সংস্কার ও আধুনিকায়নের প্রেক্ষিতে মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণকে অগ্রাধিকার দেয়া হয়েছে	• ভূমি প্রশাসনের কর্মকর্তা-কর্মচারিদের দক্ষতা উন্নয়ন
৫। **গৃহ ও ফ্ল্যাট প্রদানঃ** দারিদ্র্য বিমোচন কর্মসূচি বিধায় অগ্রাধিকার প্রদান করা হয়েছে	• বিত্তহীন ও গৃহহীন অতি দরিদ্রদের পুনর্বাসন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন
৬। **রাজস্ব আয় বৃদ্ধিঃ** সঠিকভাবে ভূমি রাজস্ব নির্ধারণ ও আয় বৃদ্ধির লক্ষ্যে অগ্রাধিকার দেয়া হয়েছে	• ভূমির সুষ্ঠু ও পরিকল্পিত ব্যবহার নিশ্চিতকরণ • ভূমি রেকর্ড সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন ও রাজস্ব বৃদ্ধি

প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key performance indicator)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
							২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। ভূমি রেকর্ড কম্পিউটারাইজেশন	১	উপজেলা (%)	২.০৭	-	৪.১৫	২.০৭	৬.২২	৬.২২	৬.২২
		মহানগরী (%)	১৬.৬৬	-	৩৩.৩৩	-	৩৩.৩৩	৩৩.৩৩	৩৩.৩৩
২। বিত্তহীন ও গৃহহীনদের পুনর্বাসন	২	গৃহের সংখ্যা	৪,২০০	৩৩০	২,৩০০	৪,২০০	২,৩০০	১,৩৫০	-
		ফ্ল্যাটের সংখ্যা	১,৫০০	১,২৫০	৭,০০০	৭,০০০	৪,৩৫০	-	-
৩। খাসজমি বন্দোবস্ত	৩	একর	১০,০০০	৫,০৮৫	১১,০০০	৫,০০০	৫,০০০	৫,০০০	৫,০০০

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
							২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
৪। ভূমি জরীপের মাধ্যমে মালিকানা স্বত্ব নিশ্চতকরণ	৬	খতিয়ান প্রণয়ন (লক্ষ)	৩২.৮৫	১৭.৯৯	৩২.৮৫	১১.৮১	১২.৯৯	১২.৯৯	১২.৯৯
		খতিয়ান মুদ্রণ (লক্ষ)	১১০.০০	৪.০৫	১১০.০০	৬.০০	৬.০০	৬.০০	৬.০০
		নক্সার প্রণয়ন (সংখ্যা)	৩০,০০০	২,৪০০	৩০,০০০	৩,০০০	৭,৯২০	৭,৯২০	৭,৯২০
		নক্সার মুদ্রণ (লক্ষ)	১২.০০	৪.৩২	১২.০০	৬.৬০	১৫.৮৪	১৫.৮৪	১৫.৮৪

৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ সচিবালয়

৫.১.১ **সাম্প্রতিক অর্জনঃ** ২০০৮-০৯ অর্থবছরে গুচ্ছগ্রাম (সি.ভি.আর.পি.) প্রকল্পের অধীনে ৩৩০টি গৃহ নির্মাণ ও হস্তান্তর করাসহ আদর্শ গ্রাম এবং গুচ্ছগ্রাম প্রকল্পের আওতায় আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ক্ষুদ্রঋণ ও প্রশিক্ষণ প্রদানসহ অদ্যাবধি ২৫,৭১৫টি পরিবারকে পুনর্বাসন করা হয়েছে। এছাড়া, ঢাকা মহানগরীর ছিন্নমূল বস্তিবাসী ও নিম্নবিত্ত পরিবারের পুনর্বাসন ও আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে স্বল্পমূল্যে ফ্লাট প্রদানের জন্য বেসরকারি অংশীদারীত্বে সরকারি জমিতে ১,২৫০টি ফ্লাট নির্মাণ করা হয়েছে এবং আরও ১১,৩৫০টি ফ্ল্যাট নির্মাণের কাজ চলছে। উপকূলীয় ১১টি জেলার (ফেণী, নোয়াখালী, লক্ষীপুর, চাঁদপুর, কক্সবাজার, গোপালগঞ্জ, নড়াইল, বাগেরহাট, সাতক্ষীরা, খুলনা, যশোর) উপজেলাভিত্তিক ভূমি জোনিং ম্যাপ তৈরী করা হয়েছে। অপর ১০টি জেলার ওয়ার্কশপ সম্পন্ন করে মাঠ পর্যায়ের তথ্য উপাত্ত সংগ্রহ করা হচ্ছে।

৫.১.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. গৃহ নির্মাণ ও হস্তান্তর	• ১০,৩২০ টি গৃহ নির্মাণ ও হস্তান্তর • উপকূলীয় এলাকায় ১৪৪টি পরিবারকে টুইন হাউজ প্রদান	২
২. বেসরকারি বিনিয়োগকারী কর্তৃক ফ্ল্যাট নির্মাণ, বিক্রয় ও হস্তান্তর	• ৬,০৬০ টি ছিন্নমূল বস্তিবাসী পরিবারকে এবং ৫,২৯০টি নিম্নবিত্ত পরিবারকে স্বল্পমূল্যে ফ্লাট প্রদান	২
৩. আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্তকরণের জন্য প্রশিক্ষণ ও ঋণ প্রদান	• ১০,৬৫০ জনকে প্রশিক্ষণ ও ঋণ প্রদান	২
৪. ভূমির শ্রেণীভিত্তিক ম্যাপ প্রণয়ন (জোনিং ম্যাপ)	• উপকূলীয় ৮টি জেলা এবং সমতল ভূমির ২টি জেলার ভূমির ব্যবহার ভিত্তিক জোনিং ম্যাপ প্রণয়ন	৭
৫. জোনিং ম্যাপ অনুযায়ী ভূমি ব্যবহার সংক্রান্ত আইন প্রণয়ন	• ভূমি ব্যবহার সংক্রান্ত আইন প্রণয়ন	৭

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. প্রশিক্ষণ	সংখ্যা	২০৬	১৮৫	২০০	১৬৬	১৬০	-
২. ভূমির সুষ্ঠু ও পরিকল্পিত ব্যবহার নিশ্চিতকরণ	সংখ্যা (জেলা)	১১	৭	৭	৩	-	-

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৬৭,২৪,২০	৬৭,৮০,৮০	৭৩,৯৯,৩২	৮৮,১৪,৫৬	১০০,৮৫,০১
উন্নয়ন	১৩৮,০৬,০০	১২০,৫৯,০০	৯৯,০৫,০০	১০১,০২,৭২	১১৪,০৯,২৭
মোট	২০৫,৩০,২০	১৮৮,৩৯,৮০	১৭৩,০৪,৩২	১৮৯,১৭,২৮	২১৪,৯৪,২৮

৫.১.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট(অনুন্নয়ন)	
১। সচিবালয়	১-৫
অনুমোদিত প্রকল্প	
১. গুচ্ছগ্রাম (ক্লাইমেট ভিকটিম রিহ্যাবিলেটেশন প্রজেক্ট)	৩,৫
২. ঢাকা মহানগরীর ছিন্নমূল বস্তিবাসী ও নিম্নবিত্তদের ঢাকায় সরকারী জমিতে বহুতল বিশিষ্ট ভবনে পুনর্বাসন	২
৩. সিডিএসপি-৩ (ভূমি মন্ত্রণালয়ের অংশ)	১,৩
4. স্টাডি অব ডিটেইল্ড কোস্টাল ল্যান্ড জোনিং ইনক্লুডিং টু পাইলট ডিস্ট্রিক্টস অব প্লেইন ল্যান্ড	৫
অননুমোদিত প্রকল্প	
১। ভূমি মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর সমূহ শক্তিশালীকরণ প্রকল্প	১
সম্ভাব্য প্রকল্প	
১। TPP on “Access to Land and Property Rights for All Citizens of Bangladesh”	১,২

৫.২ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর

৫.২.১ **সাম্প্রতিক অর্জনঃ** বর্তমানে ঢাকা সিটি জরিপসহ ১৪টি সেটেলমেন্ট/জোনাল সেটেলমেন্ট অফিসের মাধ্যমে ভূমি জরিপের জন্য এলাকা নির্বাচন করে সংশোধিত ভূমি রেকর্ড ও জরিপ কার্যক্রমের বিভিন্ন স্তর পরিচালিত হচ্ছে। চলমান সংশোধিত জরিপ কার্যক্রমে বিভিন্ন জেলার ৯২৫টি মৌজার ৪,০৪,৮২২টি খতিয়ান, ৬,৬০,০০০টি মৌজা ম্যাপ সিট চূড়ান্তভাবে প্রকাশিত হয়েছে। ঢাকা মহানগরীর ১৯১টি মৌজার ৪,০৯০টি মৌজা ম্যাপ, ১,১২৭টি স্ট্রীপ ম্যাপ স্ক্যানিং, ডিজিটাইজিং চূড়ান্ত করা হয়েছে এবং ৪.২০ লক্ষ খতিয়ান ডিজিটাইজিং করা হয়েছে। ঢাকা জেলার সাভার উপজেলার ৫টি মৌজার ডিজিটাল পদ্ধতিতে নক্সা ও খতিয়ান প্রণয়নের জন্য ডাটা সংগ্রহ করা হয়েছে এবং খসড়া ডিজিটাল ম্যাপ মুদ্রণের কাজ চলছে।

জনপ্রশাসনের কাজে নিয়োজিত বিসিএস কর্মকর্তাগণের ভূমি রেকর্ড ও জরিপ সংক্রান্ত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিগত ৩ অর্থবছরে ৪২৫ জন ক্যাডার কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৫.২.২ ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. ভূমি জরিপের জন্য এলাকা নির্বাচন ও জরিপ কাজ পরিচালনা	• বিভিন্ন জেলায় ১,০৫০ বর্গমাইল এরিয়ার ট্রাভার্স কার্যক্রম পরিচালনা ও ৭,৩০৫টি মৌজার মাঠ জরিপ সমাপ্তকরণ	৬
২. ভূমি স্বত্বলিপি প্রণয়ন ও মুদ্রণ	• ৩৮.৯৭ লক্ষ খতিয়ান প্রণয়ন এবং ১৮.০০লক্ষ খতিয়ান মুদ্রণ	৬
৩. ভূমির নক্সা প্রণয়ন ও মুদ্রণ	• ২৩.৭৬ লক্ষ মৌজা ম্যাপ সিট প্রণয়ন এবং ৪৭.৫২ লক্ষ মৌজা ম্যাপ সিট মুদ্রণ	৬
৪. সীমানা পিলার নির্মাণ/পুনর্নির্মাণ	• ভারত-বাংলাদেশ সীমান্তে মোট ২,১০০টি আন্তর্জাতিক সীমানা চিহ্নিতকরণ পিলার নির্মাণ	৮
৫. সীমানা সংক্রান্ত জটিলতা নিরসনের লক্ষ্যে উদ্যোগ গ্রহণ ও সরেজমিনে যৌথ পরিদর্শন	• সীমানা বিরোধ কমে আসবে	৮
৬. বিসিএস ক্যাডারভূক্ত ও জুডিশিয়াল সার্ভিসভূক্ত কর্মকর্তাগণের সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ প্রদান	• ৮১০ জন বিসিএস ক্যাডারভুক্ত ও জুডিশিয়াল সার্ভিসভুক্ত কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান	৪
৭. নন ক্যাডার কর্মকর্তা-কর্মচারিদের সার্ভে ও সেটেলমেন্ট প্রশিক্ষণ প্রদান	• ১,০৫০ জন Non-cadre কর্মকর্তা-কর্মচারিকে সার্ভে ও সেটেলমেন্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদান	৪

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. ট্রাভার্স জরিপ কার্যক্রম	বর্গ মাইল	২৬৫.৫৫	৩৫০.০০	৩৫০.০০	৩৫০.০০	৩৫০.০০	৩৫০.০০
২. আন্তর্জাতিক সীমানা চিহ্নিতকরণ	সংখ্যা	৪৩৮	৭০০	৭০০	৭০০	৭০০	৭০০
৩. সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ	জন	২৪০	৩৯০	৩৬০	৬২০	৬২০	৬২০

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৭০,৯২,৭৩	৭৭,৮৬,১০	৮৪,৮১,৬৩	৯৬,৮৫,৪৯	১১৫,৮৩,৭০
উন্নয়ন	০	০	০	৭,৫২,৭৩	৯,৩৪,৬২
মোট	৭০,৯২,৭৩	৭৭,৮৬,১০	৮৪,৮১,৬৩	১০৪,৩৮,২২	১২৫,১৮,৩২

৫.২.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট(অনুন্নয়ন)	
১. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর	১-৭
অনুমোদিত কর্মসূচি	
১. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের পুঞ্জিভূত খতিয়ান ও নক্সা মুদ্রণ, ডিজিটাল পদ্ধতিতে আন্তর্জাতিক সীমানার স্ট্রীপ ম্যাপ সংরক্ষণ, মৌজা ম্যাপ ও খতিয়ান প্রণয়ন এবং সংরক্ষণের লক্ষ্যে কর্মসূচি	১,২,৩,৪
অননুমোদিত প্রকল্প	
১. Strengthening of Settlement Press, Map Printing Press and Preparation of Digital Maps Project	১,২,৩
সম্ভাব্য প্রকল্প	
১. ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ও রেকর্ড প্রণয়ন এবং সংরক্ষণ প্রকল্প ২. ভূমি ভবন কমপ্লেক্স নির্মাণ ৩. ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা সেটেলমেন্ট, দিয়ারা সেটেলমেন্ট এবং সেটেলমেন্ট প্রেসের কর্মকর্তা-কর্মচারিদের জন্য নতুন আবাসিক ভবন নির্মাণ প্রকল্প	১,২,৩

৫.৩ ভূমি সংস্কার বোর্ড

৫.৩.১ সাম্প্রতিক অর্জনঃ বিভিন্ন খাত হতে বিগত তিন অর্থবছরে ১,০৮৪ কোটি টাকা রাজস্ব আদায় হয়েছে। ভাওয়াল রাজ এস্টেট এর সি.এস. রেকর্ডীয় মোট ৩০,৪২০.৯২ একর জমির মধ্যে ২২.৭৬ একর জমি উদ্ধার করা হয়েছে। এ মধ্যে ১৯.১২ একর জমিতে "এস্টাবলিস্টমেন্ট অব পিকনিক স্পর্ট কাম পার্ক ভাওয়াল রাজ বাগান" শীর্ষক প্রকল্পের কাজ চলছে। ঢাকা নওয়াব এস্টেট এর সি.এস. রেকর্ডীয় ১২,৪৫৮.৩১ একর জমির মধ্যে ১১৬.৮৩৬৯ একর জমি উদ্ধার করা হয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
1. ভূমি উন্নয়ন করসহ অন্যান্য রাজস্ব দাবী ও আদায়	• ভূমি উন্নয়ন করসহ অন্যান্য রাজস্ব আদায় ৫০% বৃদ্ধি	৫
2. সি.এস., এস.এ. ও আর.এস. খতিয়ান এবং ম্যাপ স্ক্যানপূর্বক কম্পিউটারে সংরক্ষণ	• ৩০টি উপজেলা ও ১টি মহানগরীর ভূমি রেকর্ড আধুনিকায়ন	১
3. ব্যবহার ভিত্তিক জমির শ্রেণী বিন্যাসকরণ ও হালনাগাদকরণ	• ৩০টি উপজেলা ও ১টি মহানগরীর ভূমি রেকর্ড আধুনিকায়ন	১

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। ভূমি রাজস্ব আদায়	কোটি টাকা	৩২৭.৯৯	৫০২.১৯	৫০২.১৯	৫২৮.৪৩	৬৭৯.৪২	৬৯৭.৩৭
২। অবৈধদখল সম্পত্তি উদ্ধার	একর	৬০.৬৬	৬০.০০	৬০.০০	৯০.০০	১১০.০০	১১০.০০

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
৩। ভূমি রেকর্ড কম্পিউটারাইজেশন	উপজেলা (সংখ্যা)	-	০৫	০৫	১০	১০	১০
	মহানগরী (সংখ্যা)	-	-	-	০১	০১	০১

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	১,৯২,০০	২,৮১,১০	৩,৩০,৬০	৩,৬৩,৬৭	৪,১৪,৭০
উন্নয়ন	০	০	০	০	০
মোট	১,৯২,০০	২,৮১,১০	৩,৩০,৬০	৩,৬৩,৬৭	৪,১৪,৭০

৫.৩.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট(অনুন্নয়ন)	
১। ভূমি সংস্কার বোর্ড	
অনুমোদিত প্রকল্প	
১। "এস্টাবলিস্টমেন্ট অব পিকনিক স্পট কাম পার্ক এ্যাট ভাওয়াল রাজ বাগান"	১
অনুমোদিত কর্মসূচি	
১। কম্পিউটারাইজেশন অব ল্যান্ড ম্যানেজমেন্ট সিস্টেম অব ঢাকা ডিস্ট্রিক্ট (সি.এল.এম.এস.)	১

৫.৪ ভূমি আপীল বোর্ড

৫.৪.১ সাম্প্রতিক অর্জনঃ ভূমি আপীল বোর্ডে প্রতিমাসে ২৫/৩০টি আপীল/রিভিউ মামলা দায়ের হয় এবং প্রায় ৩০টি মামলা শুনানী অন্তে নিস্পত্তি হয়। বিগত ৩ অর্থবছরে মোট ১,৪৯১টি আপীল/রিভিউ মামলা নিস্পত্তি করা হয়েছে।

৫.৪.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যে
১. ভূমি সংক্রান্ত মামলা নিস্পত্তিকরণ	• ভূমি সংক্রান্ত ১,৬২০টি মামলা নিস্পত্তি	৬

৫.৪.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। আপীল ও রিভিশন	সংখ্যা	৪৮০	৩৮০	৩৮০	৩৮০	৩৮০	৩৮০
২। রিভিউ	সংখ্যা	৮৫	৫০	৫০	৫০	৫০	৫০
৩। ফুলবোর্ড	সংখ্যা	২৫০	১১০	১১০	১১০	১১০	১১০

৫.৪.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৯৪,০০	১,০৪,৯৪	১,১৯,০৬	১,২৯,৮৭	১,৪৮,০৫
উন্নয়ন	০	০	০	০	০
মোট	৯৪,০০	১,০৪,৯৪	১,১৯,০৬	১,২৯,৮৭	১,৪৮,০৫

৫.৪.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট(অনুন্নয়ন)	
১। ভূমি আপীল বোর্ড	১

৫.৫ হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর দপ্তর, ভূমি মন্ত্রণালয়

৫.৫.১ সাম্প্রতিক অর্জনঃ বিগত তিন অর্থবছরে রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ের সেটেলমেন্ট ও ম্যানেজমেন্ট বিভাগের অফিসসমূহ এবং বোর্ড ও দপ্তর/অধিদপ্তরসমূহের ৪,৮২৪টি হিসাব অডিট করা হয়েছে এবং একই সময়ে ১৩৮২টি অডিট আপত্তি নিস্পত্তি করা হয়েছে।

৫.৫.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. হিসাব সংক্রান্ত অডিট কার্যক্রম	• ৬৮৩৮টি অডিট আপত্তি প্রদান • ৩৫৭৫টি অডিট আপত্তি নিস্পত্তিকরণ	৫

৫.৫.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। অডিট আপত্তি প্রদান	সংখ্যা	১,৮৮৭	১,৯১৮	১,৯১৮	২,১১৮	২,৩২০	২,৪০০
২। অডিট আপত্তি নিস্পত্তি	সংখ্যা	৮৫০	১,০৫০	১,০০০	১,১২৫	১,২০০	১,২৫০

৫.৫.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৪,২৩,৯৫	৪,৮৮,২৮	৫,৫৮,৭১	৭,৩২,৬৫	৮,২০,৫৭
উন্নয়ন	০	০	০	০	০
মোট	৪,২৩,৯৫	৪,৮৮,২৮	৫,৫৮,৭১	৭,৩২,৬৫	৮,২০,৫৭

৫.৫.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। হিসাব নিয়ন্ত্রক রাজস্ব এর দপ্তর	১

৫.৬ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

৫.৬.১ সাম্প্রতিক অর্জনঃ ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র হতে বিগত তিন অর্থবছরে যথাক্রমে ২,৩৬৯ জন কর্মকর্তা-কর্মচারিকে ভূমি ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।

৫.৬.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যে
১. কর্মকর্তা ও কর্মচারিদের ভূমি ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ	• ভূমি ব্যবস্থাপনার উপর ২,৯০৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান	৪

৫.৬.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। প্রশিক্ষণার্থী	জন	৭৪৮	৯১০	৯৪৫	৯৪৫	৯৮০	৯৮০

৫.৬.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৯৬,০০	৮৫,৮৭	৯৪,৬৪	১,০২,৮৮	১,১৮,৪৬
উন্নয়ন	০	০	০	৫,১০,৫৮	০
মোট	৯৬,০০	৮৫,৮৭	৯৪,৬৪	৬,১৩,৪৬	১,১৮,৪৬

৫.৬.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট(অনুন্নয়ন)	
১। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র	১
অনুমোদিত প্রকল্প	
১। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের হোস্টেল ভবন নির্মাণ	১

৫.৭ জেলা উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস

৫.৭.১ সাম্প্রতিক অর্জনঃ গত ২০০৮-০৯ অর্থবছরে ১২,৭৫৪টি পরিবারের মধ্যে ৫,০৮৫ একর কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদানসহ অদ্যাবধি সর্বমোট ৬৭,৩১৮ একর খাস জমি ভূমিহীনদের মাঝে বন্দোবস্ত প্রদান করা হয়েছে। উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ নির্মাণ ও মেরামত কার্যক্রমের আওতায় ইতোমধ্যে ২৪টি উপজেলা ভূমি অফিস এবং ১১টি ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে।

৫.৭.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যে
১. বন্দোবস্তযোগ্য খাস জমি চিহ্নিতকরণ, ব্যক্তি/প্রতিষ্ঠান চিহ্নিতকরণ ও বন্দোবস্ত প্রদান	• ১৫,০০০ পরিবারকে গড়ে পরিবার প্রতি সর্বোচ্চ ১ একর হিসেবে মোট ১৫,০০০ একর কৃষি খাস জমি বন্দোবস্ত প্রদান	৩

প্রধান কার্যক্রমসমূহ	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যে
২. ভূমি অফিস নির্মাণ	• ৭৬টি উপজেলা ভূমি অফিস এবং ১৮৯টি ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ	৫

৫.৭.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১. ভূমি অফিস নির্মাণ	উপজেলা অফিস	১৪	২০	৪৫	৩০	১১	৩৫
	ইউনিয়ন অফিস	১১	৫০	৬০	৬০	৬৯	৬০

৫.৭.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	২১৮,৩৫,৯২	২৫৩,৪৯,১৮	২৮৭,৪৬,৮০	৩২৬,৬৪,৩৫	৩৬৯,৪০,১২
উন্নয়ন	০	০	০	০	০
মোট	২১৮,৩৫,৯২	২৫৩,৪৯,১৮	২৮৭,৪৬,৮০	৩২৬,৬৪,৩৫	৩৬৯,৪০,১২

৫.৭.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। জেলা, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস	১-২
অনুমোদিত প্রকল্প	
১. উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৫ম পর্ব)	২
২. সি.ডি.এস.পি - ৩ (ভূমি মন্ত্রণালয়ের অংশ)	১